

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।



পত্র নং-৩৩.০২.০০০০.৯৪৪.০৩.০০৩.২১-৩৮৫

তারিখঃ-১৬/০২/২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ- “জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় ফরিদপুর মিনি হ্যাচারীর এর পুকুর পুনঃখনন কাজ বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ৩১/০১/২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত স্কীম নির্বাচন কমিটির সভায় চলতি ২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত জলাশয় পুনঃখনন কাজ অনুমোদিত হয়েছে। অনাধিক ১০.০০ (দশ) লক্ষ টাকা প্রাক্কলিত/অনুমোদিত ব্যয়ের পুনঃখনন কাজ পিপিআর-এর আইন ও বিধিবিধান অনুসরণ পূর্বক আরএফকিউ (RFQ) পদ্ধতি অবলম্বনের মাধ্যমে বাস্তবায়ন করার নিমিত্ত এতদ্বারা প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো। কমিটি কর্তৃক অনুমোদিত এবং প্রশাসনিক অনুমোদন প্রদানকৃত ব্যয়ের মধ্যে সংশোধিত স্কীম প্রণয়ন পূর্বক পুনঃখনন কাজ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। দৃশ্যমান স্থানে পাকা খুটিসহ রঙিন সাইন বোর্ড স্থাপন পূর্বক পুনঃখনন কাজ শুরু করতে হবে। চাহিদার প্রেক্ষিতে পৃথকভাবে পানি সেচ এবং ঘাস লাগানোর অর্থ বরাদ্দ প্রদান করা হবে।

উল্লেখ্য, কাজ বাস্তবায়ন/সমাপ্তির পর চূড়ান্ত বিল অনুযায়ী ব্যয় নির্বাহের জন্য চাহিদার প্রেক্ষিতে পৃথকভাবে বাজেট বরাদ্দ ও মঞ্জুরী প্রদান করা হবে। বাজেট বরাদ্দ ও মঞ্জুরীর লক্ষ্যে কাজ সমাপ্তির পর দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি, অনুমোদিত তুলনামূলক বিবরণী, কার্যাদেশ, স্থিরচিত্র, মাপ বহি, কন্সট্রাক্ট সিডিউল ইত্যাদি কাগজপত্রের সত্যায়িত কপি এবং হস্তান্তর পত্র ও চূড়ান্ত বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	আয়ন ব্যয়ন কর্মকর্তা ও দপ্তর	জেলা	উপজেলা	স্কীমের নাম	জলাশয়ের ধরণ	আয়তন (হে.)	বরাদ্দকৃত মোট টাকার পরিমাণ (লক্ষ টাকা)	মন্তব্য
১.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর, পাবনা	পাবনা	ফরিদপুর	ফরিদপুর মিনি হ্যাচারীর পুকুর-৩ পুনঃখনন	পুকুর	০.৫৫৭	৮.৫৫	
	মোট						৮.৫৫	

কথায়ঃ (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র।

শর্তাবলিঃ

- প্রতিটি স্কীম অনুমোদিত ডইং-ডিজাইন অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ কোন ক্রমেই নির্ধারিত জলাশয়ের বাইরে অন্য কোন জলাশয় পুনঃখনন কাজে ব্যয় করা যাবে না।
- বরাদ্দপত্রে উল্লেখিত কোন জলাশয় পুনঃখনন কাজ করা সম্ভব না হলে যত দ্রুত সম্ভব তা প্রকল্প দপ্তরে অবহিত করতে হবে এবং বরাদ্দকৃত অর্থ স্থানীয় হিসাবরক্ষণ কর্মকর্তার প্রত্যয়নসহ সমর্পণ করতে হবে।
- সম্পাদিত কাজের বিল হতে সরকারি বিধি মোতাবেক রক্ষণযোগ্য অর্থ (Retention money), VAT, IT ইত্যাদি কর্তন করতে হবে।
- আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা জেলা মৎস্য কর্মকর্তা ভেত কাজ বাস্তবায়নের বিষয়ে সকল আর্থিক বিধিবিধান পালন করতে হবে।
- যথাযথ পুনঃখনন কাজ বাস্তবায়ন নিশ্চিত করতে এবং আর্থিক অপচয় রোধকল্পে সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা এবং উপসহকারী প্রকৌশলী সার্বক্ষণিক তদারকি নিশ্চিত করবেন।
- ভবিষ্যতে অডিট নিষ্পত্তির জন্য ব্যয় বিবরণীর যাবতীয় তথ্যাদি ১০ বছর পর্যন্ত সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা জেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে সংরক্ষণ করতে হবে।
- স্কীমের খনন কাজ শুরুর পূর্বের ও পরের স্থিরচিত্র এবং চলমান কাজের স্থিরচিত্র সংগ্রহপূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।
- প্রতিটি স্কীম পুনঃখননের সময় এক বা একাধিক স্থানে চূড়ান্ত পরিমাপ গ্রহণের সময় পর্যন্ত সাক্ষী রাখতে হবে।
- বরাদ্দকৃত অর্থ কোনক্রমেই বেসরকারী বা ব্যক্তিমালিকানাধীন কোন স্কীম বাস্তবায়নে ব্যয় করা যাবে না।
- কাজ সমাপ্তির প্রতিবেদন এবং অর্থ সমন্বয়ের প্রয়োজনীয় কাগজপত্র আগামী ৩০/০৬/২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অবশ্যই প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে “পিপিআর ২০০৮” অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে।



(মোঃ আলীমুজ্জামান খান)
প্রকল্প পরিচালক

জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

ই-মেইল: alimuzzamanc@gmail.com

ফোন: ৯৫৮৮৭০৮/ ০১৭১১-১৭১৯৯৯

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ফরিদপুর, পাবনা।

পত্র নং-৩৩.০২.০০০০.৯৪৪.০৩.০০৩.২১-৩৮৫/১(১২)

তারিখঃ-১৬/০২/২০২১ খ্রিস্টাব্দ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরীপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪. উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫. চিফ একাউন্ট্যান্ট এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা।
৭. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাবনা।
৮. নির্বাহী প্রকৌশলী (দায়িত্বপ্রাপ্ত), জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১০. দায়িত্বপ্রাপ্ত মৎস্যচাষ প্রকৌশলী, উপ-পরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
১১. দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পাবনা।
১২. দপ্তর নথি।



প্রকল্প পরিচালক
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।